

# Times Today BD

এসকে সোহেল | দেশজুড়ে | 01 June, 2025

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনার্স ভর্তি পরীক্ষায় অংশ নিতে আসা শিক্ষার্থীদের সহায়তায় ব্যতিক্রমী এক উদ্যোগ নিয়েছে বাগেরহাট জেলা ছাত্রশিবির।

শনিবার (৩১ মে) সকাল থেকে জেলার অন্যতম বিদ্যাপীঠ সরকারি প্রফুল্ল চন্দ্র পিসি কলেজে স্থাপন করা হয়েছে ছাত্রশিবিরের তিনটি ও বাংলাদেশ ইসলামী ছাত্রী সংস্থার একটি হেল্প ডেস্ক। এতে পরীক্ষার্থীদের তথ্য সহায়তা ও মানসিক উৎসাহ জোগাতে কাজ করছেন সংগঠনের নেতাকর্মীরা।

সরকারি পিসি কলেজে স্থাপিত হেল্প ডেস্কগুলোতে ভর্তি পরীক্ষার্থীদের নানান ধরনের সহযোগিতা প্রদান করা হচ্ছে। কেন্দ্রে আসা শিক্ষার্থীদের প্রশ্নের উত্তর, পরীক্ষার কক্ষ খোঁজার সহায়তা, পানীয় জল সরবরাহ এবং মনোবল বাড়াতে প্রেরণাদায়ক কথা বলছেন ছাত্রশিবির ও ছাত্রী সংস্থার নেতাকর্মীরা।

হেল্প ডেস্ক স্থাপন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সরকারি পিসি কলেজ ছাত্রশিবিরের সভাপতি মোহাম্মদ মাসুম বিল্লাহ, সেক্রেটারি রনি হাওলাদার, অর্থ সম্পাদক আব্দুর রহমান, এবং ছাত্রনেতা নাঈম চাকলাদার, আব্দুল আওয়াল, ওমর ফারুক ও ফাহাদ প্রমুখ। বাংলাদেশ ইসলামী ছাত্রী সংস্থার পক্ষ থেকে হেল্প ডেস্কে উপস্থিত ছিলেন পিসি কলেজ শাখার ইনচার্জ সুমাইয়া ইয়াসমিন মুমু এবং সরকারি ইনচার্জ ফাতেমা আক্তার মিমসহ আরও অনেকে।

ভর্তি পরীক্ষা দিতে আসা তিনু নামের এক শিক্ষার্থী জানান, "আমি প্রথমবার কলেজ ক্যাম্পাসে এসেছি। কোথায় কোন বিল্ডিং বুঝতে পারছিলাম না। কিন্তু হেল্প ডেস্কের রেজুয়ান ভাই আর ইয়ামিন ভাই আমাকে দারুণভাবে সহযোগিতা করেছেন। খুব স্বাচ্ছন্দ্যবোধ করছি।

সরকারি পিসি কলেজ ছাত্রশিবিরের সভাপতি মোহাম্মদ মাসুম বিল্লাহ বলেন, ভর্তি পরীক্ষা দিতে আসা শিক্ষার্থীরা যেন কোনো প্রকার হয়রানি বা দুর্ভোগের শিকার না হয়, সে লক্ষ্যে আমরা হেল্প ডেস্ক চালু করেছি। শিক্ষার্থীদের পাশে থাকার এই প্রচেষ্টা ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

এই উদ্যোগ শিক্ষার্থী ও অভিভাবকদের কাছে যেমন প্রশংসিত হয়েছে, তেমনি তরুণ সমাজে স্বৈচ্ছাসেবামূলক দায়িত্ববোধের এক উজ্জ্বল দৃষ্টান্ত হিসেবে বিবেচিত হচ্ছে।

জাতীয় বিশ্ববিদ্যালয় ছাত্রশিবির

Generated on 28 June, 2025 15:22

URL: <https://www.timestodaybd.com/across-the-country/3198435542>